তিমিরময় নিবিড় নিশা   নাহি রে নাহি দিশা—
একেলা ঘনঘোর পথে,   পান্থ, কোথা যাও ॥
বিপদ দুখ নাহি জানো,   বাধা কিছু না মানো,
অন্ধকার হতেছ পার— কাহার সাড়া পাও ॥
দীপ হৃদয়ে জ্বলে,   নিবে না সে বায়ুবলে—
মহানন্দে নিরন্তর   একি গান গাও।
সমুখে অভয় তব,   পশ্চাতে অভয়রব—
অন্তরে বাহিরে   কাহার মুখে চাও ॥

---

Parjaay: Bichitro, Taal: Jhaptaal, Raag: Megh
Visit www.geetabitan.com for notation and other detail